

একজন শ্রবনদৃষ্টি প্রতিবন্ধী মানুষের স্বপ্ন

আমি স্বপ্ন দেখি যে একদিন,... আমি মানবজাতির কাছে “আরেকটু কম” অদৃশ্য থাকবো।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... মানুষ তার হারানো ধৈর্য্য ফিরে পাবে।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... মানুষ ফিরে পাবে তার ধীশক্তি এবং বুঝতে পারবে আমি কি বলতে চাচ্ছি।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... মানুষেরা সেই আদ্যিকালের মত একে অপরের কাছে আসবে।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... মানবজাতি কুসংস্কারমুক্ত হবে এবং নির্ভয়ে আমাকে ছুঁয়ে যাবে।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... পিংক ফয়েডের গানের মত আমাকে কেবল “দেয়ালে আরেকটা ইট” হতে হবে না।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... আধুনিক মনোবিজ্ঞানের এক স্থপতি কার্ল জং যেমন বলেছেন “একই জলের ঝর্ণা থেকে পান করা,” তেমন আর করতে হবে না আমার।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... শ্রবনদৃষ্টি প্রতিবন্ধিতার উপর থেকে “সবচেয়ে ভয়াবহ অবস্থা”-র লেবেলটি মানুষ সরিয়ে ফেলতে পারবে।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... মানুষ বুঝে নেবে যে একলা থাকার মানেই পরিত্যক্ত নয়।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... শ্রবনদৃষ্টি প্রতিবন্ধিতার চাপিয়ে দেয়া “একাকীত্বের” বীজ আমি উপভোগ্য বস্তুর মত বুনে দেব, কারণ আমার আর নিজেকে ভয় পেতে হবে না।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... আমার পরিচয় নিয়ে অন্যদের ধারণা আমি বদলে দেব, আর সবার বার বার বলা বাক্যটি “আহারে বেচারা, সে একজন শ্রবনদৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তি” অতীতেই পড়ে থাকবে।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... মানুষ আমার সত্ত্বাকে লক্ষ্য করবে আর আমার অস্তিত্বকে আমার সংগ্রাম হিসেবেই মর্যাদা দেবে। এবং তারপর বলবে, “দারুন তো! ও একজন শ্রবনদৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তি!”

আমি স্বপ্ন দেখি যে একদিন,... আমি নিয়ন্ত্রণের হাতিয়ার হিসাবে মানবজাতির মন থেকে লজ্জা মুছে দেব।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... মানুষ বুঝবে ও মূল্য দেবে যে সকল মানুষই ঐশ্বরিক সৃষ্টি: একইভাবে, তবে, অসম্পূর্ণ।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... কেবল আমার অস্তিত্বই নয়, আমার আমি আসলেই বিদ্যমান থাকবো।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... আমি এতই শক্ত হতে শিখে যাবো যে কিছুই আমাকে হারাতে পারবে না।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... আমার আমিত্ব থাকবে, তাই কেউ আমাকে ভুলতে পারবে না।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... আমার স্বপ্নগুলো ভবিষ্যতকে সাজিয়ে তুলবে।

আমি স্বপ্ন দেখি যে একদিন,... মানুষেরা “মানুষ” হবে।

Author: Alex Garcia – Brazil

Bengali version: Sarna Shah - Bangladesh